



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখ : ২৭ আশ্বিন ১৪৩০
১২ অক্টোবর ২০২০

বিজ্ঞপ্তি


ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর অন্যতম সাবসিডিয়ারি প্রতিষ্ঠান আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল) এর প্রতিষ্ঠার উদ্দেশ্যের অংশ হিসেবে বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণ ও পুঁজিবাজার সেবা তথা আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির লক্ষ্যে গ্রাহক/বিনিয়োগকারীর দোরগোড়ায় পৌঁছে দেওয়ার জন্য আগামী ১৪ অক্টোবর ২০২০ (২৯ আশ্বিন ১৪৩০) তারিখ শনিবার সকাল ১১:০০ ঘটিকায় ড্রিম শপিং কমপ্লেক্স (৩য় তলা), গোলপুকুর, আলীপুর, ফরিদপুর-এ আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর ফরিদপুর শাখা শুভ উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর মাননীয় চেয়ারম্যান ড. কিসমাতুল আহসান, বিশেষ অতিথি হিসেবে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও আইসিএমএল এর পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ আবুল হোসেন, পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালকবৃন্দ, ফরিদপুর জেলার স্থানীয় প্রশাসনের প্রতিনিধিসহ সম্মানিত ব্যক্তিবর্গ, বিনিয়োগকারীগণ এবং আইসিবির মহাব্যবস্থাপকগণসহ সাবসিডিয়ারি কোম্পানীর প্রধান নির্বাহী কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন। আইসিএমএল এর প্রধান নির্বাহী কর্মকর্তা মিসেস মাজেদা খাতুন উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন। উক্ত অনুষ্ঠানে কোম্পানির অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, উপ-প্রধান নির্বাহী কর্মকর্তাগণ এবং সংশ্লিষ্ট কর্মচারী উপস্থিত থাকবেন।

০২। আইসিএমএল ফরিদপুর শাখা কার্যালয় উদ্বোধন অনুষ্ঠান উপলক্ষে সংক্ষিপ্ত সফরসূচি নিম্নরূপঃ

তারিখ ও বার	সময়	বিবরণ/কর্মসূচি
১৪ অক্টোবর ২০২০ শনিবার	সকাল ০৭:৩০ ঘটিকা	ফরিদপুরের উদ্দেশ্যে সড়ক পথে ঢাকা ত্যাগ।
	সকাল ১১:০০ ঘটিকা	আইসিএমএল ফরিদপুর শাখা উদ্বোধনী অনুষ্ঠান শুরু।
	সকাল ১১:০৫ হতে দুপুর ১২:২০ ঘটিকা	পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং আমন্ত্রিত অতিথি, ফরিদপুর জেলার স্থানীয় প্রশাসনের সম্মানিত প্রতিনিধি, বিশেষ অতিথি, প্রধান অতিথির শুভেচ্ছা বক্তব্য ও সম্মানিত বিনিয়োগকারীগণের সাথে মতবিনিময়।
	দুপুর ১২:৩০ ঘটিকা	ফরিদপুর শাখা উদ্বোধন।
	দুপুর ১২:৪০ ঘটিকা	আপ্যায়ন।
	বিকাল ০৩:৩০ ঘটিকা	ঢাকার উদ্দেশ্যে যাত্রা।

০৩। কোম্পানির ফরিদপুর শাখা কার্যালয়ের উদ্বোধনী অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পাদন এবং উপস্থিত সম্মানিত অতিথিবৃন্দের ফরিদপুর অবস্থানকালীন সার্বিক বিষয়ে সহযোগিতা জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ, প্রধান কার্যালয়ের ইন্স্টাবলিশমেন্ট ডিপার্টমেন্ট, ব্রাঞ্চ কন্ট্রোল ডিপার্টমেন্ট ও আইসিএমএল ফরিদপুর শাখার শাখা প্রধানকে কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তিটি জারি করা হলো।


(মোঃ সেলিম বেগ)
অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। শাখা প্রধান, আইসিএমএল ফরিদপুর শাখা, ঢাকা;
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৫। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।